



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদরাসা পরিদর্শন দফতর

বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

www.iau.edu.bd iauins13@gmail.com



স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ঢা-১৬০/২০১৮/ ১৬৬৭৭

তারিখ: ২২ আশ্বিন ১৪৩৩
০৭ অক্টোবর ২০২৬


অফিস আদেশ

পোড়াবাড়ী পাবলিকা ফাজিল মাদরাসা, নাগবাড়ী, ঘাটাইল, টাঙ্গাইল-এর ফাজিল স্নাতক (পাস) বিএ স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষ মহোদয়ের ২০-০১-২০২৬ তারিখের দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত তৃতীয় সংবিধি ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন টিমের দাখিলকৃত প্রতিবেদনের পরিত্রাঙ্কিতে মাদরাসাটির ফাজিল স্নাতক (পাস) বিএ স্তর নিম্নবর্ণিত শর্তে ২৭-০৪-২০২৬ থেকে ২৬-০৪-২০২৯ তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো:

শর্তসমূহ :

১. মাদরাসায় শিক্ষার্থী বাড়ানোর উদ্যোগ গ্রহণ করার পাশাপাশি ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের লক্ষ্য ও উদ্দেশ্য বিষয়ে বিভিন্ন সভা-সেমিনারের ব্যবস্থা গ্রহণ করতে হবে;
২. যথাসময়ে মাদরাসার বাৎসরিক বাজেট প্রস্তুত এবং গভর্নিং বডিতে উপস্থাপন ও অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং আয়ের রশিদ ও ব্যয়ের ভাউচারের সাথে খাতের মিলের বিষয়ে ক্যাশ বইয়ের সাথে অবশ্যই সামঞ্জস্যপূর্ণ থাকতে হবে;
৩. ফাইল নোটের মাধ্যমে চাহিদা অনুযায়ী ব্যাংক থেকে টাকা উত্তোলন বা জমা রাখার পাশাপাশি ফাইল নোটে অবশ্যই কোন খাতে ব্যয় করা হবে তা যথাযথ নিয়মে খাতভিত্তিক উল্লেখ করতে হবে এবং কোন কোন খাতে আয় হচ্ছে তা ফাইল নোটে উল্লেখ থাকতে হবে;
৪. যথাসময়ে অর্থ কমিটি, ক্রয় কমিটি, বাজেট কমিটি, জাতীয় দিবস উদ্‌যাপন কমিটি গঠন করতে হবে এবং চেক বইয়ের মুড়িতে কোন খাতে বা কত তারিখে টাকা উত্তোলন করা হচ্ছে সে বিষয়ে যথাযথ নিয়ম পালন করতে হবে;
৫. সরকারি বিধি মোতাবেক শিক্ষক, কর্মচারীদের ছুটি বাস্তবায়ন করা করতে হবে এবং ছুটি রেজিস্টার যথানিয়মে প্রতীপালন করতে হবে;
৬. লাইব্রেরিতে বইয়ের সংখ্যার সাথে সামঞ্জস্যপূর্ণ থাকতে হবে এবং লাইব্রেরিতে কয়টি নতুন বই ঢুকল ও কয়টি বের হলো তা রেজিস্টার খাতায় এন্ট্রি থাকতে হবে এবং লাইব্রেরি কার্ড ব্যবহারে সবাইকে উদ্যোগী হতে হবে;
৭. অ্যালামনাই অ্যাসোসিয়েশনের পূর্ণাঙ্গ কমিটি গঠন এবং অ্যালামনাই অ্যাসোসিয়েশনের কার্যক্রমকে বেগমান করতে মাদরাসার সংশ্লিষ্ট সকলকে কার্যকর ভূমিকা পালন করতে হবে;
৮. শিক্ষক-কর্মচারীগণের ব্যক্তিগত ফাইল সংরক্ষিত করার পাশাপাশি ফাইল তদারকিতে একটি কমিটি গঠন করতে হবে এবং শিক্ষার্থীদের উৎসাহ প্রদানে একাডেমিক সাফল্য অর্জনকারী শিক্ষার্থীদেরকে পুরস্কার প্রদানের ব্যবস্থা করতে হবে;
৯. ল্যাংগুয়েজ ক্লাব (আরবি ও ইংরেজি) চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং শিক্ষক ও শিক্ষার্থীদের জন্য নোটিশ বোর্ডের ব্যবস্থা করার পাশাপাশি মাদরাসার প্যাডে “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্তি” কথাটি লিখতে হবে;
১০. ছাত্র-ছাত্রীদের ক্লাসমুখী করার পাশাপাশি সর্বোচ্চ উপস্থিতি নিশ্চিতকরণে প্রয়োজনে সর্বোচ্চ ক্লাস উপস্থিতি ছাত্র-ছাত্রীদের পুরস্কার প্রদানের ব্যবস্থা করতে হবে এবং ছাত্র-শিক্ষক, অভিভাবকের সমন্বয়ে প্রতিমাসে অভিভাবক সমাবেশের আয়োজন করতে হবে;
১১. কুরআন শিক্ষার ওপর বিশেষ গুরুত্ব দেওয়ার পাশাপাশি আরবি ও ইংরেজি ভাষায় শিক্ষার্থীদের বিশেষ দক্ষতা অর্জনের জন্য ভাষা ক্লাব (আরবি ও ইংরেজি) চালু করার জন্য কার্যকরী পদক্ষেপ নিতে হবে এবং আধুনিক ও যুগোপযোগী পাঠদানের লক্ষ্যে শিক্ষকদেরকে বিশেষ প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করতে হবে;
১২. মাদরাসায় কম্পিউটার ল্যাব স্থাপন, ডিজিটাল হাজিরা, সিসি টিভির ব্যবস্থাসহ ক্লাসে শিক্ষার্থীদের ডেস কোড ও আইডি কার্ডের ব্যবহার শতভাগ নিশ্চিত করতে হবে এবং শিক্ষার্থীদেরকে আদব-আমল-আখলাক শেখানোর পাশাপাশি কো-কারিকুলার একাটিভিটিজ তথা সাপ্তাহিক জলসা, কেরাত, হামদ-নাত, বক্তৃতা (বাংলা, আরবি, ইংরেজি), ক্যালিগ্রাফি, সাহিত্য চর্চা, প্রবন্ধ, রচনা, কবিতা, নাটিকা, বার্ষিকী প্রকাশ, বিতর্ক, হিওয়ার, ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ইত্যাদি বিষয়ের ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে;
১৩. মাদরাসার ছাত্র-শিক্ষক মিলনায়তন/অডিটোরিয়ামকে আরও সুসজ্জিত করার পাশাপাশি শিক্ষার মানোন্নয়ন ও প্রতিষ্ঠানের উন্নয়নকল্পে শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীগণের সাথে সুনির্দিষ্ট বিষয়ের ওপর মাসিক আলোচনা সভা আয়োজন করে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে এবং অধিভুক্তি নবায়নের তারিখ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে;

ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে


(প্রফেসর ড. হুসাইন আহমাদ)
মাদরাসা পরিদর্শক (অ.দা)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়


অধ্যক্ষ, পোড়াবাড়ী পাবলিকা ফাজিল মাদরাসা, নাগবাড়ী, ঘাটাইল, টাঙ্গাইল।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ঢা-১৬০/২০১৮/ ১৬৬৭৭

তারিখ: ২২ আশ্বিন ১৪৩৩
০৭ অক্টোবর ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (অধিভুক্তি কমিটি ও একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (দায়িত্বপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, পোড়াবাড়ী পাবলিকা ফাজিল মাদরাসা, নাগবাড়ী, ঘাটাইল, টাঙ্গাইল।
৭. অফিস নথি।


০৭.১০.২০২৬

(সোমা আক্তার)

সহকারী মাদরাসা পরিদর্শক

মোবাইল: ০১৬৭৯৮৬৮৬৬৩